

"আমার এক নম্বর অগ্রাধিকারই হল আমাদের শিক্ষার্থী ও শিক্ষকদের সুরক্ষা ও সুস্থতা নিশ্চিত করা।"

DeKalb County School District-এর পক্ষ থেকে শুভেচ্ছা

2020-21 স্কুল শিক্ষাবর্ষের জন্য প্রস্তুতি চালানোর ক্ষেত্রে এই সপ্তাহটিও বেশ উৎপাদনশীল গেল।

আপনারা অনেকেই জানেন যে 13 জুলাই শিক্ষা পর্ষদের বৈঠকে প্রশাসনিক কর্মী এবং আমি মিলে DeKalb County School District-এর (DCSD) স্কুল আবার খোলার পরিকল্পনা পেশ করেছিলাম। বৈঠক চলাকালীন, বোর্ডের পক্ষ থেকে স্কুল শিক্ষাবর্ষ খোলার সময় 17ই আগস্ট পর্যন্ত পিছিয়ে দেওয়া এবং বর্তমানে কোভিড-19 যেভাবে ছড়াচ্ছে তা রুখতে দূরশিক্ষা/অনলাইন শিক্ষার মডেল অবলম্বন করে মুক্ত স্কুল তৈরি করার ব্যাপারে সম্মতি গ্রহণ করা হয়েছে।

ডিস্ট্রিক্টের প্ল্যানে আমাদের বিভিন্ন সহযোগীদে থেকে পাওয়া বর্তমান নির্দেশিকাও ঢোকানো হয়েছে যাদের মধ্যে রয়েছে Georgia Department of Public Health, DeKalb County Board of Health, Centers for Disease Control and Prevention (CDC) এবং Georgia Department of Education (GaDOE)। অংশগ্রহণকারীদের জরিপ থেকে কমিউনিটি ফিডব্যাক নেয়া হয়েছে এবং পরিকল্পনার বিষয়ে জানানো হয়েছে, এই জরিপে পিতামাতা, শিক্ষার্থী এবং কর্মীদের থেকে 39,574টি মতামত নেয়া হয়েছিল।

আমাদের অঞ্চলে এখনও যেভাবে রোগটি ছড়াচ্ছে, তাতে দূরশিক্ষাই আমাদের হাতে সবথেকে সেরা বিকল্প, কিন্তু সেটি মাসিক ভিত্তিতে পুনর্মূল্যায়ন করা হবে। আমরা আমাদের বিদ্যার্থী ও কর্মীদের সুরক্ষার কথাই প্রথমে বিবেচনা করছি, সাথে শিক্ষার্থীদের কৃতিত্ব সাধন ও শিক্ষাদান ও শিক্ষালাভের আনন্দের ব্যাপারটি নিয়ে উচ্চ প্রত্যাশার কথাও মাথায় রাখছি।

15 জুলাইয়ে Atlanta Journal-Constitution Community Conversation ভার্চুয়াল সুপারিন্টেন্ডেন্ট রাউন্ডটেবিলে আমাদের টিম যা যা দারুণ কাজ করেছে সেগুলি এবং পরিকল্পনা নিয়ে আলোচনা করার সুযোগ পেয়ে আমি আনন্দিত। যারা যারা Facebook এবং YouTube-এ এটি দেখেছেন এবং মতামত দিয়েছেন তাদের প্রত্যেককে সাধুবাদ জানাই। DCSD-র উপস্থাপনা করতে পেরে আমি খুবই গর্বিত বোধ করছি!

এছাড়াও এই সপ্তাহে, আমি ফিল্ড ডে উপলক্ষ্যে রিজিয়ন III-তে থাকা স্কুলগুলি পরিদর্শন করতে গিয়েছিলাম। স্কুল পরিদর্শন করে এবং শিক্ষকদের সাথে দেখা করে, আমি পরিবারের সাথে দৃঢ় সম্পর্ক স্থাপন করতে পেতে খুবই উদ্বুদ্ধ হয়েছি। এই দৃঢ় সম্পর্ক এটাই প্রমাণ করে যে আমরা একসাথে থাকলে কতটা ভালভাবে কাজ করতে পারি।

পরিবার, বিদ্যার্থী, শিক্ষক এবং অধ্যক্ষদের সাথে মনকাড়া সেশনের আয়োজন করার জন্য ডঃ. Sean Tarrt-কে অসংখ্য ধন্যবাদ। তারা প্রত্যেকেই এমন সুন্দর কিছু প্রস্তাব দিয়েছেন যা আমাদের স্কুলে ফেরা ও রি-এন্ট্রি পরিকল্পনার ব্যাপারে সাহায্য করবে।

এছাড়াও, আমি 16 জুলাই William Bradley Bryant Center and Online Registration Center-এ যাওয়ার সুযোগও পেয়েছিলাম। আমাদের ইনফর্মেশন টেকনোলজি ডিভিশনের ব্যাপারে আরও জানতে আমি ইন্টেরিম চিফ ইনফর্মেশন অফিসার Monika Davis-এর সাথে সেন্টারটি ঘুরে দেখি। গুণমানসম্পন্ন তথ্যপ্রযুক্তিতে আমাদেরকে অ্যাক্সেস দিয়ে আইটি কর্মীরা শিক্ষার্থী ও আমাদের কর্মীদের প্রত্যাশা পূরণে যেভাবে কাজ করছেন তা দেখে আমি সত্যিই মুগ্ধ হয়েছি।

এছাড়াও, আমি অনলাইন রেজিস্ট্রেশন/রেকর্ডস ম্যানেজার Petra Boerner, Monika Davis এবং ডঃ. Vasanne Tinsley, ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট অফ স্টুডেন্টস সাপোর্টের যৌথ প্রচেষ্টার কাছেও অত্যন্ত কৃতজ্ঞ যারা আমাদের পরিবারদের জন্য অনলাইন রেজিস্ট্রেশন ও গ্রাহক পরিষেবার বিষয়টি আরও মজবুত করেছেন। সবে মিলি করি কাজ, হারি জিতি নাই লাজ!

2020-21 স্কুল শিক্ষাবর্ষের জন্য প্রস্তুত হওয়ার সময় আমাদের দারুণ কর্মী ও কমিউনিটির আরও সদস্যদের সাথে সাক্ষাতের অপেক্ষায় রইলাম। আপনাদের সপ্তাহান্ত ভাল কাটান এবং নিরাপদে থাকুন!

বিনীত,

Cheryl Watson-Harris, সুপারিন্টেন্ডেন্ট